ওই ব্যক্তির বাড়ি আলিপুরদুয়ারের বীরপাড়ায়। পিস্তলটির লাইসেন্স আছে। তবে অভিযোগের ভিত্তিতে তাকে এদিন গ্রেপ্তার করা হয়েছে। বাকি ঘটনা তদন্ত করে দেখা হচ্ছে।

দেবাশিসরঞ্জন দেব, ওসি, সোনাপুর ফাঁড়ি

# বন্দুক দেখিয়ে অপহরণের চেষ্টা

**সুভাষ বর্মন**



ঘটনাস্থলে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলছে পুলিশ।

**সোনাপুর, ৭ সেপ্টেম্বর :** রাতের অন্ধকারে পিস্তল দেখিয়ে পরিযায়ী শ্রমিক পরিবারের স্কুল পড়ুয়া পনেরো বছরের এক কিশোরকে অপহরণের চেষ্টার অভিযোগ উঠল মাঝবয়সি এক ব্যক্তির বিরুদ্ধে। তাঁর নাম মাখন রায়। তবে দু'বারের চেষ্টাতেও কিশোরকে নিয়ে যেতে পারেননি ওই ব্যক্তি। উলটে লোকজন জানাজানি হতেই তাঁকে উত্তমমধ্যম খেতে হয়েছে। শনিবার রাতে চকোয়াখেতি গ্রাম পঞ্চায়েতের কুমারপাড়া গ্রামের এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। আগ্নেয়াস্ত্র নিয়ে দাপাদাপিতে আতঙ্কিত হয়ে পড়েছেন স্থানীয়রা। তবে রাতেই পুলিশ এসে ওই ব্যক্তিকে উদ্ধার করে। রবিবার সংনে এলাকার কচুখেত থেকে পিস্তলটি উদ্ধার হয়। তবে পুলিশ জানতে পেরেছে, ওই আগ্নেয়াস্ত্রের লাইসেন্স রয়েছে। আর অভিযুক্ত ব্যক্তি অবসরপ্রাপ্ত এসএসবি জওয়ান।


সোনাপুর ফাঁড়ির ওসি দেবাশিসরঞ্জন দেবের কথায়, 'ওই ব্যক্তির বাড়ি আলিপুরদুয়ারের বীরপাড়ায়। পিস্তলটির লাইসেন্স আছে। তবে অভিযোগের ভিত্তিতে তাকে এদিন গ্রেপ্তার করা হয়েছে। বাকি ঘটনা তদন্ত করে দেখা হচ্ছে।'

কিন্তু শহর সংলগ্ন বীরপাড়া এলাকা থেকে এরকম অপরিচিত এক ব্যক্তি হঠাৎ কেন কুমারপাড়া গ্রামের এক বাড়িতে হামলা চালাল? এই প্রশ্নের উত্তর স্পষ্টভাবে জানা যাচ্ছে না। স্থানীয়দের দাবি, রাতে দুটি বাইকে চারজন অপরিচিত ব্যক্তি এলাকায় আসে। ওই বাড়িতে ঢোকে দুজন। তারমধ্যে একজনের হাতে আগ্নেয়াস্ত্র ছিল। গ্রামের এক পরিযায়ী শ্রমিকের বাড়িতেই ঢোকে তারা। ওই পরিযায়ী শ্রমিকের স্ত্রী ঝর্ণা রায়ের দাবি, প্রথমে তাঁর মাথায় পিস্তল ঠেকায় এক ব্যক্তি। তারপর ঘর থেকে ছেলেকে বের হয়ে আসতে বলে। ওই গৃহবধূর কথায়, 'তখন ভয়ে ঘর থেকে ছেলে বের হয়। ওর মাথাতেও পিস্তল ঠেকায়। ওকে নিয়ে যেতে চায়। তখন হইচই করাতে আগ্নেয়াস্ত্র হাতে নেওয়া ছেলেটি চলে যায়।'

কিন্তু কিছুক্ষণ পর আবার ওই বাড়িতে আসেন সেই ব্যক্তি। তবে ততক্ষণে গ্রামের লোকজন বিষয়টি জেনে ফেলেন। তাই দ্বিতীয়বার আর তিনি পালাতে পারেননি। রাস্তায় লোকজন তাঁকে ধরে ফেলে। শুরু হয় মারধর। তখন বাকি তিনজন পালিয়ে যায়। খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে এসে ওই ব্যক্তিকে পুলিশ উদ্ধার করে নিয়ে যায়। রাতে চিকিৎসার জন্য তাঁকে ভর্তি করা হয় পাঁচকোলগুড়ি গ্রামীণ হাসপাতালে। তবে প্রথমে আগ্নেয়াস্ত্রের কথা পুলিশ মানতে চায়নি। আর রাত অবধি কোনও অভিযোগ হয়নি। তাই পুলিশ তাঁকে ছেড়ে দেয়।

কিন্তু এদিন দুপুরে ফের ওই ব্যক্তি স্ত্রীকে নিয়ে কুমারপাড়া গ্রামে আসেন। এখানে এসে পিস্তলটি খুঁজতে থাকেন। তখন এলাকার লোকজন স্ত্রী সহ তাঁকে আটকে রাখেন। ফের খবর পেয়ে এলাকায় যায় পুলিশ। তখন পিস্তলটিও বাজেয়াপ্ত করা হয়। সেখান থেকে মাখন রায় নামে পিস্তলধারী ওই ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ নিয়ে আসে। কিন্তু কেন ওই শ্রমিকের বাড়িতে হামলা? জানা গেল, ওই শ্রমিকের বড় মেয়ে কোনও এক সংস্থায় কাজ করেন। তিনি অবশ্য বাড়িতে থাকেন না। সেই তরুণীর কাছে ওই ব্যক্তি নাকি টাকা পান। সেই টাকার জন্যই তাঁর ভাইকে অপহরণের চেষ্টা চলে। আবার স্থানীয় একাংশ ও পুলিশ প্রাথমিকভাবে জানতে পেরেছে, ওই বাড়ির মেয়েটির সঙ্গে কোনও সম্পর্কও থাকতে পারে বন্দুকধারী ব্যক্তির। তাই ঠিক কীসের জন্য এই হামলার চেষ্টা তা স্পষ্ট নয়। গ্রেপ্তার হওয়ার পর মাখনও স্পষ্টভাবে কিছু বলেননি। তিনি শুধু বলেন, 'এই আগ্নেয়াস্ত্রের লাইসেন্স আছে। নিজের নিরাপত্তার জন্যই সঙ্গে রাখি। আর আমি এখন প্রাইভেট সংস্থায় কাজ করি।'

তবে গ্রামবাসীর ক্ষোভ চরমে। স্থানীয় প্রদীপ রায়ের প্রশ্ন, 'পুলিশ কীভাবে ওকে ছেড়ে দিল? আর এদিন ও কীভাবে আবার এলাকায় এসে পিস্তল খুঁজতে থাকে? এত সাহস হয় কী করে?'



গ্যারগান্ডা নদীর বুকে হাতির পাল।

# দিনভর বাগানে দাঁড়িয়ে ২৫টি হাতির দল

**মোস্তাক মোরশেদ হোসেন**

**বীরপাড়া, ৭ সেপ্টেম্বর :** রাতের আঁধার তখনও কাটেনি! খুদেদের নিয়ে ফালাকাটার দলমণি ফরেস্ট থেকে রওনা হয়েছিল মা হাতিরা। গন্তব্য, রাঙ্গালিবাজনার ধুমচি ফরেস্ট। কিন্তু এশিয়ান হাইওয়ে পেরোতেই ঘড়ির কাঁটা ভোর পাঁচটা পেরিয়ে যায়। অগত্যা রবিবার ছোট-বড় মিলিয়ে প্রায় পঁচিশটি হাতির দিনভর বিরাম মালঙ্গি বস্তিবাসীদের ব্যক্তিগত বাগানে। খবর পেয়ে হাতি দেখতে দলে দলে লোক ছোটেন মালঙ্গি বস্তিতে। ততক্ষণে ঘটনাস্থলে পৌঁছে গিয়েছেন বনকর্মীরা। ওঁরা উৎসাহীদের পথ আগলে দাঁড়ান। অন্যদিকে, তাঁরা দিনভর নজরে রাখেন হাতির পালটিকে। শেষপর্যন্ত ওদের যখন ফের রওনা করানো গেল, ঘড়িতে তখন সন্ধ্যা সাড়ে ছ'টা।

বন দপ্তর জানিয়েছে, এলাকাটি হাতি চলাচলের করিডর। তবে এশিয়ান হাইওয়ে সরাসরি না পেরিয়ে গ্যারগান্ডা সড়কসেতুর তলা ব্যবহার করে হাতির পাল। এদিনও সেটাই করেছিল পালটি। বনকর্মীরা জানান, গ্রামবাসীরা জেগে উঠে হইচই শুরু করায় ঘাবড়ে গিয়ে ঝোপঝাড়ে আশ্রয় নেয় হাতিগুলি। আবার স্থানীয়রা জানিয়েছেন, শাবক হাতিগুলি ক্লান্ত হয়ে পড়েছিল। ঝোপঝাড়ে শুয়ে পড়ে ওরা। ফলে মা হাতিরাও শাবকদের আগলে ঠায় দাঁড়িয়ে ছিল। পালে ছিল একাধিক দাঁতাল হাতি।

হাতির পালে শাবক থাকায় ঝুঁকি রয়েছে। কারণ শাবক ছুটোছুটি করলে পেছন পেছন মায়েরাও ছোটে। তখন সামনে মানুষ পড়লেই আক্রমণ করে মা হাতি।

**উত্তম মঙ্গর,** স্থানীয় বাসিন্দা

উৎসাহী কয়েকটি হাতি বাঁশ গাছ ভাঙার চেষ্টা করতেই সেগুলি গিয়ে পড়ে বিদ্যুতের তারের ওপর। সঙ্গে সঙ্গে এলাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।

ঘটনাস্থলে যান পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানির কর্মীরা। নিরাপদেই হাতিগুলিকে বনে ফেরত পাঠানো গিয়েছে, সন্ধ্যায় জানান মাদারিহাটের রেঞ্জ অফিসার শুভাশিস রায়।

মালঙ্গি বস্তির ভেতর দিয়ে শর্টকাটে বীরপাড়া যাওয়ার রাস্তা রয়েছে। শিশুবাড়ি, গোপালপুরের অনেকেই ওই রাস্তাটি ব্যবহার করেন। তবে এদিন ওই রাস্তা দিয়ে কাউকে যাতায়াত করতে দেননি বনকর্মীরা। তবে ততক্ষণে সাহস করে হাতি দেখে ফিরে এসেছে সপ্তম শ্রেণির অক্ষিত ওরাওঁ, হেমেন মঙ্গররা। শিশুবাড়ির রাজকুমার রায় বলছিলেন, 'আমিও হাতি দেখতে এসেছি। কিন্তু বনকর্মীরা কাছে যেতে দেননি।'

## দুপুরের পর আন্দোলন প্রত্যাহার ম্যাক্সিক্যাবচালকদের

# পথে দুর্ভোগ পরীক্ষার্থীদের

**প্রিয়দর্শিনী বিশ্বাস**

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** টানা দু'দিন কর্মবিরতি রেখে তৃতীয় দিন দুপুরের পর আন্দোলন থেকে সরে দাঁড়ালেন ম্যাক্সিক্যাব বা সিটি অটোচালকরা। রবিবার দুপুরের পর শহরের রাস্তায় ম্যাক্সিক্যাব দেখে পুজোর বাজার করতে যাওয়া সাধারণের মুখে হাসি ফিরলেও, তার আগে দিনভর সমস্যায় পড়তে হয়েছে পথচলতি মানুষকে। মূলত চরম সমস্যার মুখোমুখি পড়তে হয় এসএসসি পরীক্ষার্থীদের। স্থানীয়রা তো বটেই, ভিনরাজ্য থেকেও অনেকে শহরে পরীক্ষা দিতে এসেছিলেন। সিটি অটো না থাকায় চরম ভোগান্তিতে পড়া ভিনরাজ্যের পরীক্ষার্থীদের টোটোভাড়ায় বাড়তি টাকা যেমন গুনতে হয়েছে, তেমনই অনেককে পরীক্ষাকেন্দ্রে যাওয়ার জন্য বারবার পালটাতে হয়েছে টোটো।

উত্তরপ্রদেশের প্রয়াগরাজ থেকে শিলিগুড়ি গার্লস হাইস্কুলে এসএসসি'র পরীক্ষা দিতে এসেছিলেন নিশা সরোজ। নিউ জলপাইগুড়ি জংশন (এনজেপি) সংলগ্ন একটি হোটেলে ছিলেন শনিবার রাতে। রবিবার হোটেল থেকে বেরিয়ে গন্তব্যের কাছে পর্যন্ত পৌঁছানোর জন্য কোনও ম্যাক্সিক্যাব দেখতে না পেয়ে বিভ্রান্ত হয়ে পড়েন তিনি। এক হোটেল কর্মীর সহযোগিতায় একটি টোটো রিজার্ভ করেন। তবে তার জন্য তাঁকে গুনতে হয়েছে ২০০ টাকা। বিহার থেকে নেতাজি গার্লস হাইস্কুলে পরীক্ষা দিতে এসেছিলেন পঙ্কজ ঝা। শিলিগুড়ি জংশন সংলগ্ন এলাকা থেকে ম্যাক্সিক্যাব না পেয়ে বাইক, ট্যাক্সি বুক করেন। তাঁকেও বাড়তি টাকা গুনতে হয়েছে। এদিন দিনে যাঁরা পুজোর বাজার করতে বেরিয়েছিলেন, তাঁদেরও অনেককে টোটোয় যেতে হওয়ায় বাড়তি ভাড়া গুনতে হয়েছে। টোটোচালকদের একাংশ সুযোগ বুঝে বেশি ভাড়া নিয়েছেন বলেও অনেকের অভিযোগ। তবে এদিন দুপুরে ডিসিপি ট্রাফিক কাজি সামসুদ্দিন আহমেদের সঙ্গে বৈঠকের পর আন্দোলন প্রত্যাহার করে নেওয়ার কথা ঘোষণা করেন দার্জিলিং জেলা এনজেপি-ফুলবাড়ি ম্যাক্সিক্যাব অপারেটর্স অ্যাসোসিয়েশনের সম্পাদক উজ্জ্বলকান্তি ঘোষ। সমস্যা সমাধানে পুলিশি আশ্বাস মিলেছে বলে তিনি জানান। সংগঠনের তরফে মিন্টু ঘোষ বলেন, 'ডিসিপি ট্রাফিক বেআইনি টোটোর ওপর লাগাম টানা এবং নির্দিষ্ট নিয়মের মধ্যে রাখার আশ্বাস দিয়েছেন। তাই আমরা কর্মবিরতি তুলে নিলাম। এখন সমস্যা সমাধানের আশায় রয়েছি।' গাড়িচালক মহম্মদ কামাল হুসেন বলেন, 'মৌখিকভাবে আমাদের সমস্যাগুলির কথা জানিয়েছি পুলিশকে। আমাদের সমস্যার সমাধান করবেন বলে ডিসিপি ট্রাফিক আশ্বাস দেওয়ায় আজ থেকেই গাড়ি চালানোর সিদ্ধান্ত নিয়েছি। তবে ভবিষ্যতে যদি দেখি সমস্যার সমাধান হয়নি, ফের আমরা বৃহত্তর আন্দোলনে শামিল হব।' ডিসিপি ট্রাফিক কাজি সামসুদ্দিন আহমেদ বলেন, 'আমরা কথা বলেছি ম্যাক্সিক্যাবচালকদের সঙ্গে। ওঁদের সত্যিই যে সমস্যাগুলির মধ্যে পড়তে হচ্ছে, তার সমাধান করা হবে।' মেয়র গৌতম দেব বলেন, 'পুলিশের সঙ্গে কথা বলেছি। পুলিশ ম্যাক্সিক্যাবচালকদের সঙ্গে কথা বলে তাঁদের কাজে ফিরিয়েছে। পুলিশ তার কাজ করছে। ম্যাক্সিক্যাব চালু হওয়ায় সমস্যার সমাধান হল।'



আন্দোলন ওঠার পর শহরের রাস্তায় সিটি অটো। ছবি : সূত্রধর

**চরম ভোগান্তি**

পুলিশি আশ্বাসে আড়াইদিন পর শহরের রাস্তায় ম্যাক্সিক্যাব

আন্দোলন প্রত্যাহারের আগে চরম ভোগান্তি শহরের সর্বত্রই

স্থানীয়রা তো বটেই, ভিনরাজ্য থেকেও অনেকে শহরে পরীক্ষা দিতে এসেছিলেন

সিটি অটো না থাকায় ভিনরাজ্যের পরীক্ষার্থীদের টোটোভাড়ায় বাড়তি টাকা গুনতে হয়েছে

## উৎসবের মরশুমে শহরে বাড়ছে দুষ্কৃতী দৌরাত্ম্য

# একদিনে বৌবাজার, খালপাড়ায় চুরি

**শমিদীপ দত্ত ও সাগর বাগচী**

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** পুজো এগিয়ে আসার সঙ্গে সঙ্গে যেন পাল্লা দিয়ে চুরির ঘটনা বাড়ছে শহরে! রবিবার শিলিগুড়ির দু'জায়গায় চুরির ঘটনা ঘটেছে বলে পুলিশ সূত্রে খবর। বাড়ি ফাঁকা পেয়ে দরজা ভেঙে ঘরে ঢুকে আলমারি থেকে সোনার গয়না চুরির অভিযোগ উঠেছে শান্তিনগরের বৌবাজার এলাকায়। আবার এদিন সকালে খালপাড়া এলাকায় পোশাকের একটি শোরুম খুলতেই মাথায় হাত দোকানির। অভিযোগ, ওপরতলায় জানলার রড কেটে ঢুকে দুষ্কৃতীরা চারতলার শোরুম থেকে লেহেঙ্গা, শাড়ি, সুট নিয়ে চম্পট দেয়।

ঘটনাক্রমে পুলিশের নজরদারি নিয়ে প্রশ্ন তুলছেন পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈন। তাঁর বক্তব্য, 'পুলিশ ঠিকমতো টহল দিচ্ছে না। পুজোর মরশুমে লাগাতার চুরির ঘটনা ঘটে চলেছে। নিরাপত্তা সুনিশ্চিত করতে পারছে না পুলিশ।' যদিও ডিসিপি (ইস্ট) রাকেশ সিং দাবি করেছেন, 'পুজোর মরশুমে দাগি অপরাধীদের চিহ্নিত করে নজরদারি চালানো হচ্ছে। কোনও অপরাধমূলক ঘটনায় জড়িত থাকলে গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হচ্ছে।'

রবিবার সন্ধ্যায় শান্তিনগর বৌবাজার এলাকার বাসিন্দা, পেশায় নিরাপত্তাকর্মী শিবু হালদারের বাড়িতে চুরির ঘটনা প্রকাশ্যে আসতেই আশিঘর ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। এদিন সকালে শিবু কাজে বেরিয়ে যান। পরিবারের অন্যরা আত্মীয়ের বাড়িতে গিয়েছিলেন। রাতে বাড়ি ফিরে ঘরের দরজা খুলতে গিয়ে শিবু দেখেন দরজা ভাঙা। ভেতরে ঢুকে দেখেন আলমারির পাল্লাও ভাঙা। ভেতরের থাকা গয়না সব উধাও। কিছুদিন আগে নতুন বাড়ি তৈরি করান শিবু। ছেলের বিয়ে দিয়েছেন। তাঁর কথায়, 'পুত্রবধূর সোনার গয়না চুরি গিয়েছে। তবে তার দাম কত জানা নেই।'



অন্যদিকে, কখন চুরি হয়েছে বুঝতে পারছেন না কাপড়ের ব্যবসায়ী বিশাল আগরওয়াল। অন্যদিনের মতো এদিন শোরুম খুলতেই দেখেন, ভেতরে সবকিছু এলোমেলো। ক্যাশবাক্স ফাঁকা। পরে নজরে আসে, শোরুমের ওপরতলার জানলার রড কাটা।

এর মধ্যে শনিবার রাতে কারখানার মেশিন চুরির অভিযোগে এক দুষ্কৃতীকে গ্রেপ্তার করেছে ভক্তিনগর থানার পুলিশ। ধৃত ব্যক্তির নাম প্রমিত রায়। রবিবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে তাঁর জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। দামি সাইকেল চুরির অভিযোগে রবিবার প্রধাননগর থানায় দ্বারস্থ হন এক তরুণ। তাঁর অভিযোগ, 'শহরের বাইরে ছিলাম। শনিবার ফিরে দেখি, অ্যাপার্টমেন্টের নীচে সাইকেল নেই। পরে সিসিটিভিতে দেখি, একটি ছেলে এসে আমার সাইকেল নিয়ে চলে গিয়েছে।'

# দুর্নীতির ফলে 'গরিব' পুরসভা

**মালবাজার, ৭ সেপ্টেম্বর :** স্বপন সাহার আমলের দুর্নীতির দায় এখন ভুগতে হচ্ছে মাল পুরসভাকে। পথবাতি, রাস্তা সংস্কারের জন্য টাকা বরাদ্দ করা আটকে দিয়েছে রাজ্য। পুজোর আগে নতুন পথবাতি লাগানোর টাকা নেই পুরসভার তহবিলে। বাধ্য হয়ে খারাপ পথবাতি সারিয়ে আবার লাগাচ্ছে পুরসভা।

রবিবার পুরসভা বন্ধ থাকলেও নিজের বাড়িতেই সাংবাদিক বৈঠক ডাকেন চেয়ারম্যান উৎপল ভাদুড়ি। সেখানে চেয়ারম্যান স্পষ্ট করে পুরসভার তহবিলের বর্তমান পরিস্থিতির বিবরণ দেন। হাটবাজার, দোকানঘর ছাড়া পুরসভার তেমন কোনও খাজনা আদায়ের জায়গা নেই। তাছাড়া আছে পরিষেবা কর। এই উপার্জনের ওপর নির্ভর করেই চলতে হচ্ছে পুরসভাকে। এদিকে, অডিটে আবার হিসেবে গরমিল ধরা পড়েছে। সেই রিপোর্ট রাজ্য সরকারের কাছে পৌঁছাতেই পুরসভার একাধিক বরাদ্দ নিয়ে জটিলতা সৃষ্টি হয়েছে। তাই খরচ কমাতে পুরোনো পথবাতি সারাই করে লাগানো হচ্ছে শহরের রাস্তায়।

এব্যাপারে প্রতিক্রিয়া জানতে গেলে প্রাক্তন চেয়ারম্যান স্বপন বলেন, 'ই ক্যাটিগোরির পুরসভাকে রাজ্য সরকার বেশি ফান্ড দেয় না। সেটা জোগাড় করতে হয়। আমি নিজে যখন চেয়ারম্যানের দায়িত্ব নিয়েছিলাম, তখন পুরসভার ঋণের বোঝা ছিল ১৮ কোটি টাকা।'

আপাতত শহরের ১৫ নম্বর ওয়ার্ড থেকে শুরু হয়েছে পথবাতি সংস্কারের কাজ। পুরসভার চেয়ারম্যানের দেওয়া তথ্য অনুযায়ী, ১৫ নম্বর থেকে ৯ নম্বর ওয়ার্ড পর্যন্ত আলোর কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। তবে পুজোর আগেই শহরের সমস্ত অলিগলির পথবাতি জ্বলে উঠবে বলে আশ্বাস দিয়েছেন তিনি। জাতীয় সড়কের ধারের একটা অংশ অন্ধকারে ডুবে থাকে। সেখানেও পথবাতি মেরামতির কাজ হবে। জাতীয় সড়কের পাশে বেশ কয়েকটি জায়গায় পথবাতির খুঁটিতে লাগানো নীল-সাদা চেনলাইট নষ্ট হয়ে গিয়েছে। সেগুলো বদলে ফেলার কথা ভাবছে পুরসভা। সেখানেও চিন্তা বাড়াচ্ছে টাকার জোগানের কথা।

আবার অনেক সময় দিনেরবেলায় কিছু ওয়ার্ডের পথবাতি জ্বলে থাকছে। তা নিয়ে বিদ্যুৎ বিভাগের কর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে। যে সমস্ত ওয়ার্ডের টাইমার নষ্ট হয়েছে সেখানে ম্যানুয়াল পদ্ধতিতে পথবাতি জ্বালানো ও নেভানো হবে।



হিউমপাইপের কালভার্টটিও দীর্ঘদিন ধরে ভাঙা।

# ভাঙা কালভার্ট, ঠ্যাকনা গাছের গুঁড়িতে

**সৌরভ রায়**

**ফাঁসিদেওয়া, ৭ সেপ্টেম্বর :** তিন বছরের বেশি সময় ধরে দুই গ্রাম পঞ্চায়েতের মধ্যে সংযোগ রক্ষাকারী একমাত্র রাস্তাটির বেহাল দশা। ফাঁসিদেওয়া ব্লকের দাসপাড়া থেকে সাব-ক্যানালের পাশের রাস্তাটির মাঝে থাকা হিউমপাইপের কালভার্টটিও দীর্ঘদিন ধরে ভাঙা। উঠে গিয়েছে পিচের চাদর। রাস্তায় বড় বড় গর্ত। ভাঙা কালভার্টে দুর্ঘটনা রুখতে গাছের গুঁড়ি দিয়ে কোনওরকমে ঠ্যাকনা দিয়ে রেখেছেন স্থানীয়রা। রাস্তাটি মেরামত করা হচ্ছে না বলে তাঁদের ক্ষোভের অন্ত নেই। ফাঁসিদেওয়া বাঁশগাঁও কিশামত গ্রাম পঞ্চায়েতের প্রধান অণিমা রায় বলেন, 'পথশ্রী প্রকল্পে রাস্তা সংস্কারের আর্জি জানানো হয়েছে।'

ফাঁসিদেওয়া ব্লকের দাসপাড়া থেকে সাব-ক্যানালের পাশের ওই পাকা রাস্তা সোজা চলে গিয়েছে কালুজোত গ্রামে। ফাঁসিদেওয়া বাঁশগাঁও কিশামত গ্রাম পঞ্চায়েত ও জালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েতের টামবাড়ি, গুয়াবাড়ি, পেদিয়াজোত, ডলিগছ সহ একাধিক গ্রামের প্রচুর সংখ্যক মানুষ ওই রাস্তা দিয়েই ফাঁসিদেওয়া গ্রামীণ হাসপাতাল, থানা, বিডিও অফিস ও বাজারে যাতায়াত করেন। দুই গ্রাম পঞ্চায়েতের কৃষকরাও সবজি বিক্রি করতে যান। পড়ুয়ারাও রাস্তাটি দিয়ে রোজ স্কুলে যাতায়াত করে।

রাস্তাটির পিচ উঠে গিয়ে বেরিয়ে এসেছে পাথর।

মোটরবাইক বা সাইকেল আরোহীদের জন্য চলাচল খুবই সমস্যার হয়ে দাঁড়িয়েছে। বিশেষ করে হিউমপাইপের কালভার্টটি ভেঙে যাওয়ায় দুর্ঘটনার আশঙ্কা দেখা দিয়েছে। বর্ষা হলে রাস্তার গর্তে জল জমছে।

কালুজোতের বাসিন্দা কৃষ্ণ বর্মনের অভিযোগ, 'রাস্তাটি তৈরির কয়েক মাসের মধ্যেই পিচ উঠতে শুরু করে। এখন বালি-পাথর ছাড়া পিচের কোনও অস্তিত্বই নেই। কাজ ভালো হয়নি। সেজন্যই এই পরিস্থিতি হয়েছে।' শৈলানিজোতের স্বদেশ বর্মনের কথায়, 'দীর্ঘদিন ধরে রাস্তাটির খারাপ অবস্থা। মেরামতের কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না।'

রাস্তাটি তৈরির কয়েক মাসের মধ্যেই পিচ উঠতে শুরু করে। এখন বালি-পাথর ছাড়া পিচের কোনও অস্তিত্বই নেই। কাজ ভালো হয়নি। সেজন্যই এই পরিস্থিতি হয়েছে।

- কৃষ্ণ বর্মন, কালুজোতের বাসিন্দা

# ছাঁটাইয়ের নালিশ থানায়

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** বাংলাদেশি সন্দেহে একটি বেসরকারি চা কারবারি সংস্থার এইচআর পদে থাকা অভিষেক সেনগুপ্তকে চাকরি থেকে বরখাস্ত ও মারধর করা হয়েছে। শনিবার 'মেয়রকে বলো'-তে এমন অভিযোগ করেন ওই তরুণ। অভিযোগের ভিত্তিতে রবিবার থানায় অভিযোগ দায়ের হয়। বাংলাদেশি তকমা দিয়ে চাকরি থেকে ছাঁটাই করার ঘটনা দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেছেন মেয়র।

# উদ্ধার দেহ

**ফাঁসিদেওয়া, ৭ সেপ্টেম্বর :** ফাঁসিদেওয়া ব্লকের জালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েতের টাওয়াজোত গ্রামের সরকারপাড়া এলাকায় রবিবার শান্তি সরকার (২২) নামে এক তরুণের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। এদিন স্থানীয় একটি বাঁশ বাগানে গ্রামবাসী ওই তরুণের ঝুলন্ত দেহ দেখতে পান। ফাঁসিদেওয়া থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে, মৃতদেহ উদ্ধার করে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠায়।

# কুয়োয় 'ঝাঁপ'

**জলপাইগুড়ি, ৭ সেপ্টেম্বর :** রবিবার অরবিন্দ গ্রাম পঞ্চায়েতের মোহিতনগর এলাকায় দেবকুমার ঘোষ (৭৫) নামে একজনের দেহ উদ্ধার হয় তাঁর বাড়ির কুয়োতে। তিনি কুয়োতে ঝাঁপ দিয়েছেন বলে তাঁর ছেলে শুভমের দাবি। তিনি বলেন, 'বাবা অনেকদিন ধরে বাইপোলার ডিসঅর্ডারে ভুগছিলেন। শনিবার রাতে চিকিৎসকের দেওয়া ওষুধ খেয়েও ঘুম আসেনি বাবার। সকালে উঠে পায়চারি করছিলেন। হঠাৎ দেখি কুয়োর পাড়ে দুটি চটি।'

# পথ অবরোধ

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** ফুলবাড়ির ভোলা মোড় থেকে ভালোবাসা মোড় হয়ে সিপাইপাড়া পর্যন্ত বেহাল রাস্তা নিয়ে প্রতিবাদে পথ অবরোধ করল সিপিএম। রাস্তাটি মেরামতির দাবিতে দু'মাস আগে দলের তরফে পঞ্চায়েত দপ্তরে স্মারকলিপি দেওয়া হয়েছিল। কিন্তু কাজ না হওয়ায় রবিবার দুপুরে পথ অবরোধ করা হয়। পরে এনজেপি থানার পুলিশের আশ্বাসে অবরোধ তুলে নেওয়া হয়।



ঘরে ফেরা।। ইসলামপুরের মণিভিটায় রবিবার সুদীপ্ত ভৌমিকের তোলা ছবি।

# আয়ুষের সুরসাধনায় 'সফল' ইসলামপুর

**অরুণ ঝা**

**ইসলামপুর, ৭ সেপ্টেম্বর :** ইসলামপুরের সুরের পালকে জুড়ে গেল আরও একটি নাম। বছর উনিশের আয়ুষ গুপ্ত গানের জনপ্রিয় রিয়েলিটি শো 'সারেগামাপা'-এর মূল পর্বে গান গাওয়ার সুযোগ পেলেন। বাবার কাছেই গানে হাতেখড়ি। মাধ্যমিক পাশ করার আগে পর্যন্ত কারও কাছে প্রথাগত শিক্ষা নেননি। তাঁর বন্ধুদের কথায়, আয়ুষের জীবনজুড়ে শুধু গান আর গান! এত বড় মঞ্চে সুযোগ পেয়ে কেমন লাগছে? আয়ুষের কথায়, 'পরিবার বরাবর আমাকে সমর্থন করেছে। তাঁদের উৎসাহ না থাকলে আমার পক্ষে গান নিয়ে এগোনো সম্ভব ছিল না।' শনিবার ছিল প্রতীক্ষার সেই রাত। টিভির পর্দার সামনে বসেছিল গোটা গুপ্ত পরিবার। আয়ুষের বাবা ও মা যদিও মঞ্চে হাজির ছিলেন। সঞ্চালকের মুখে 'এবারে মঞ্চে আসছে উত্তর দিনাজপুরের ইসলামপুর থেকে আয়ুষ গুপ্ত' শুনতেই মা রেখা গুপ্ত চোখ বন্ধ করে প্রার্থনা শুরু করে দেন। বলিউডের একটি সুপারহিট গান গেয়ে অবশ্য কয়েক মিনিটেই বিচারকদের মন জয় করে নেন আয়ুষ।

রেখার কথায়, 'আমার কাছে অনুভূতি প্রকাশের ভাষা নেই। ইসলামপুরের মতো ছোট শহরে থেকেও জেদে অনড় থাকলে যে স্বপ্ন সত্যি হয়, আয়ুষ তা করে দেখিয়েছে। এখনও অনেকটা পথ চলা বাকি। ভবিষ্যৎ নিয়ে ভাবছি না। এই মুহূর্তটা উপভোগ করতে চাই।'

আয়ুষের বাড়ি ইসলামপুর বাজার সংলগ্ন এলাকায়। মাধ্যমিক পাশ করার পর তিনি চলে গিয়েছিলেন দাদুর বাড়ি শিলিগুড়ির মাল্লাগুড়িতে। নাতির সাফল্যে খুশি দাদু নবলকিশোর শা। শিলিগুড়িতে আসার পর আয়ুষ কিছুদিন গানের প্রশিক্ষণ নিয়েছিলেন বলে জানালেন তাঁর বাবা মনোজ গুপ্ত। তিনি বললেন, 'আয়ুষের যখন ছয় বছর বয়স, তখন বুঝতে পারি ওর গানের প্রতি ঝোঁক রয়েছে। সবসময় ও গানের সাধনায় মগ্ন থাকত।' আয়ুষ



আয়ুষ গুপ্ত।

**সারেগামাপা'র মূল পর্বে সুযোগ**

উচ্চমাধ্যমিক পাশ করলেও এখনও কলেজে ভর্তি হননি। স্কুলের ক্লাসরুম হোক বা টিউশন সেন্টার, এমনকি মাঠের আড্ডাতেও গুনগুন করে গান গাওয়া আয়ুষের স্বভাব বলেই বন্ধুদের বক্তব্য। এখন তাঁদের একটাই চাওয়া, আয়ুষ বিজয়ী হয়ে ঘরে ফিরুক। আয়ুষের ঠাকুরদা ধূলিচাঁদ গুপ্ত তাঁকে সবসময় সাহস জুগিয়ে গিয়েছেন বলে জানালেন মনোজ। ধূলিচাঁদ বলেন, 'ওর সাফল্য বৃদ্ধ বয়সে আমার জীবনীশক্তি বাড়িয়ে দিয়েছে।'






কলকাতার দেশপ্রিয় পার্কের মতো ৮৮ ফুটের না হলেও এবার শিলিগুড়ির স্বস্তিকা যুবক সংঘে তৈরি হচ্ছে ৫১ ফুটের দুর্গা প্রতিমা। এর আগে সবচেয়ে উঁচু প্রতিমা তৈরি নিয়ে রেকর্ড করেছিল সোদপুরের শহিদ কলোনি। তাদের প্রতিমা ছিল ১০৭ ফুট উঁচু। পরে রানাঘাটে এক প্রতিমা তাকেও ছাপিয়ে যায়। এই নিয়েই আলোকপাত করলেন প্রিয়দর্শিনী বিশ্বাস

# উত্তরে দীর্ঘতম মূর্তি

এল এল পুজো এল

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** তৈরি হচ্ছে উত্তরবঙ্গের সবচেয়ে বড় দুর্গা প্রতিমা। এমন দাবি করছেন শিলিগুড়ি স্বস্তিকা যুবক সংঘের পুজো কমিটি। সবচেয়ে বড় দুর্গা শুনলেই ২০১৫ সালের কলকাতার দেশপ্রিয় পার্কের কথা মনে পড়ে। তবে দেশপ্রিয় পার্কের মতো ৮৮ ফুটের না হলেও স্বস্তিকা যুবক সংঘে তৈরি হচ্ছে ৫১ ফুটের দুর্গা। উত্তরবঙ্গের মধ্যে সবচেয়ে বড় দুর্গা তৈরি করে এবছর মানুষের নজর কাড়তে চাইছেন উদ্যোক্তারা। এবছর তাঁদের পুজো ৬৮ বছরে পড়েছে।

ক্লাবের পেছনে বাড়ি ষাটোর্ধ্ব রুমা নাথের। তিনি জানান, একসময় শহরে এত ক্লাব ছিল না, এত পুজো হত না। তখন উত্তরবঙ্গের বিভিন্ন জায়গা থেকে মানুষ শিলিগুড়িতে আসতেন এই ক্লাবের পুজো দেখার জন্য। ধীরে ধীরে নতুন নতুন ক্লাব ও থিমের চাকচিক্যে এই ক্লাবটির পুজো কিছুটা হলেও নিজের জৌলুস হারায়। তবে এবছর ফের সকলের নজর কাড়তে তাঁরা 'উত্তরবঙ্গের সবচেয়ে বড় দুর্গা' তৈরি করতে চলেছেন।

ক্লাবের এক প্রবীণ সদস্য অরূপরতন ঘোষ বলেন, 'ছোট বেলায় পুজোর দিনে ঘুম থেকে উঠে অপেক্ষা করতাম কখন স্বস্তিকা যুবক সংঘের পুজো দেখতে যাব।' পুরানো দিনের স্মৃতিচারণ করে তিনি বলেন, 'একবার পুজোয় হিন্দি সিনেমা 'প্রেমনগর'-এ রাজেশ খান্নার বাড়িটি যেমন ছিল সেই আদলে পুজোমণ্ডপ তৈরি হয়েছিল। বাইরে থেকে আসা দর্শনার্থীরা সেবার বলেছিলেন কলকাতাতেও এত ভালো পুজো তাঁরা দেখেননি।'

৫১ ফুট উচ্চতার প্রতিমাটি তৈরি করছেন শিলিগুড়ির মৃৎশিল্পী খোকন পাল। তিনি বলেন, 'ক্লাবে প্রতিমা গড়া চলছে। এর আগে আমি ৩০ ফুট উচ্চতার গণেশমূর্তি, ২৭ ফুটের কালীমূর্তি তৈরি করেছি। কিন্তু এত বড় দুর্গা এই প্রথম তৈরি করছি।' মণ্ডপটি তৈরি করছেন অরূপ দত্ত। প্রতিমা বড় হলেও মণ্ডপটি হবে খোলামেলা বলে জানান উদ্যোক্তারা। প্রতিমার পাশাপাশি এবছর এই ক্লাবের পুজোর আরেকটি বিশেষত্ব হল মহিলা ঢাকির দল। ঢাকিরা কলকাতা থেকে আসবেন।


পুজো কমিটির সম্পাদক বাপ্পা পাল বলেন, 'কলকাতায় সবচেয়ে বড় প্রতিমা গড়ার পর যেধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেছিল সেরকম ঘটনার যাতে পুনরাবৃত্তি না হয় সেদিকে কড়া নজরদারি রাখা হবে। তাই প্রথম থেকে প্রশাসনের সঙ্গে আমাদের এবিষয়ে আলোচনা চলছে।'

এছাড়া তিনি জানান, পুজোমণ্ডপের কাছে দর্শনার্থীদের আসতে দেওয়া হবে না। প্রায় ৩০ ফুট দূর থেকে প্রতিমা দর্শন করতে হবে। ঢোকার এবং বেরোনোর পথে যথেষ্ট নজরদারির ব্যবস্থা থাকবে। দুর্ঘটনা এড়াতে পুলিশের সঙ্গে আলোচনা করে সুষ্ঠু পরিকল্পনা করা হবে। তৃতীয়ায় পুজোর উদ্বোধন হবে।


স্বস্তিকা যুবক সংঘের নজরকাড়া প্রতিমা তৈরি চলছে। ছবি : সূত্রধর

**এবারের চমক**

- শিলিগুড়ি স্বস্তিকা যুবক সংঘ ৫১ ফুটের দুর্গা প্রতিমা তৈরি করছে
- পুজোয় কলকাতা থেকে আসবে মহিলা ঢাকির দল
- ৩০ ফুট দূর থেকে প্রতিমা দর্শন করতে হবে


উত্তরবঙ্গ বিজ্ঞানমঞ্চে চন্দ্রগ্রহণ দেখতে পড়ুয়াদের ভিড়।

## এগিয়ে এল বিজ্ঞানমঞ্চ

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** চন্দ্রগ্রহণ নিয়ে অনেকের মনেই কুসংস্কার রয়েছে। অনেকেই মনে করেন, গ্রহণ মানেই অশুভ। এই সময় নাকি কোনও শুভ কাজ করা উচিত নয়। এইরকম নানা ধরনের কথা বলতে শোনা যায়। তবে এবার চন্দ্রগ্রহণ নিয়ে মানুষের মন কুসংস্কারমুক্ত ও বিজ্ঞানমনস্ক করে তুলতে এগিয়ে এলেন উত্তরবঙ্গ বিজ্ঞানকেন্দ্র ও পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের প্রতিনিধিরা। বোঝালেন, গ্রহণের সঙ্গে রান্নাবান্না না করা, বাইরে না যাওয়া, পূজাপাঠ না করার কোনও সম্পর্ক নেই।

এদিন পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ উপলক্ষ্যে চায়ের আড্ডার আয়োজন করা হয় পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের জেলা কার্যালয় দেশবন্ধুপাড়ার উমা বসু বিজ্ঞান ভবনে। উমা বসু বিজ্ঞান ভবনে আয়োজিত অনুষ্ঠানে বৃষ্টির জন্য টেলিস্কোপের মাধ্যমে চন্দ্রগ্রহণ দেখার সৌভাগ্য অনেকেরই হয়নি। তবে উপস্থিত পড়ুয়াদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। পড়ুয়াদের কুসংস্কারমুক্ত ও বিজ্ঞান নিয়ে সচেতন করেন বিজ্ঞানমঞ্চের আহ্বায়ক বিপ্লব দাস।

অন্যদিকে, বিজ্ঞানকেন্দ্রেও পড়ুয়াদের কুসংস্কারমুক্ত করতে সচেতন করেন প্রোজেক্ট কোঅর্ডিনেটর ঋতব্রত বিশ্বাস। তিনি বলেন, 'গ্রহণের সঙ্গে শুভ কাজ না করার কোনও সম্পর্কই নেই। গ্রহণের সঙ্গে শুধুমাত্র বিজ্ঞানের সম্পর্ক রয়েছে।' উপস্থিত বিজ্ঞানপ্রেমীদের নিয়ে কুইজ প্রতিযোগিতাও করা হয়। এছাড়াও বিজ্ঞানকেন্দ্রে পিপিটির মাধ্যমে চন্দ্রগ্রহণের বৈজ্ঞানিক কারণ ব্যাখ্যা করা হয়। টেলিস্কোপের মাধ্যমে উপস্থিত বিজ্ঞানপ্রেমীদের চন্দ্রগ্রহণ দেখানো হয়। তবে তাল কাটে বৃষ্টিতে। বৃষ্টির কারণে গ্রহণ দেখার ক্ষেত্রে ভাটা পড়ে।

## সভাপতি জাকির

**ইসলামপুর, ৭ সেপ্টেম্বর :** বিধানসভা ভোটের আগে ইসলামপুর ব্লক সভাপতি হিসেবে পঞ্চমবারের জন্য জাকির হুসেনের ওপরই ভরসা রাখছে তৃণমূল রাজ্য নেতৃত্ব। রবিবার তৃণমূলের সোশ্যাল মিডিয়া পেজে ব্লক সভাপতি হিসেবে জাকিরের নাম প্রকাশ্যে আসতেই অনুগামীদের মধ্যে উৎসাহ ছড়িয়ে পড়ে। অন্যদিকে, ইসলামপুর টাউন সভাপতি হিসেবে এবার নতুন দায়িত্ব পেয়েছেন বাপি পালচৌধুরী। টাউন যুব সভাপতি বিক্রম দাসকে সরিয়ে এই পদে নতুন মুখ এনেছে দল।

## সেরা ছবি

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** রবিবার শিলিগুড়ি সিনে সোসাইটি আয়োজিত শিলিগুড়ি শর্টফিল্ম ফেস্টিভাল শেষ হল রবিবার। ১২তম এই চলচ্চিত্র উৎসবে সেরা ছবি হিসেবে নির্বাচিত হল পরিচালক পীযূষ ঠাকুর পরিচালিত 'দ্য ফার্স্ট ফিল্ম'। এছাড়া সেরা সিনেমাটোগ্রাফি, দর্শকদের বিচারে সেরা ছবিকেও পুরস্কৃত করা হয়েছে।

# আমন্ত্রণে ভোলবদল চাহিদা ই-কার্ডের

পারমিতা রায়

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** বিয়ের মরশুমে আগে সবচেয়ে বেশি চাহিদা থাকত রঙিন কাগজে ছাপানো আমন্ত্রণপত্রের। নাম লিখে, খামে ভরে আত্মীয় বা বন্ধুর হাতে পৌঁছে দেওয়াই ছিল প্রথা। কিন্তু সময় বদলেছে। এখনকার প্রজন্ম কেবল কার্ডের ওপর ভরসা রাখছে না। এখন মোবাইলের মাধ্যমেই পৌঁছে যাচ্ছে আমন্ত্রণপত্র।

খরচ বাঁচানো থেকে শুরু করে পরিবেশ সচেতনতা, একাধিক কারণে জনপ্রিয় হয়ে উঠেছে ই-কার্ড। হোয়াটসঅ্যাপ, ই-মেল কিংবা সোশ্যাল মিডিয়ার মাধ্যমে পৌঁছে যাচ্ছে সেই আমন্ত্রণপত্র, যা শহর থেকে মফসসল সব জায়গাতে এখন সমান জনপ্রিয়। নভেম্বরে বিয়ে বলে এখন থেকেই ব্যস্ততা শুরু হয়েছে শ্রেয়া সাহার বাড়িতে। কনের ঘরে বসেই সবাই মিলে সাজাচ্ছেন আমন্ত্রণপত্র। তবে খাতা-কলম নয়, সামনে খোলা ল্যাপটপ আর মোবাইল স্ক্রিন। ডিজাইনারের পাঠানো ই-কার্ড বারবার ঘুরিয়ে ফিরিয়ে দেখছেন কনে আর তাঁর বন্ধুরা। ব্যাকগ্রাউন্ডে বাজছে পছন্দের গান আর স্লাইডে ভেসে উঠেছে বর ও কনের ছবি আর বিয়ের তারিখ। আর এই সবকিছু দেখে অবাক কনের দিদা মালতী সাহা। বললেন, 'আমাদের সময় তো এসব দেখিনি। এখন বাড়ি বসেই মোবাইলে নিমন্ত্রণ হয়ে যাচ্ছে। আমাদের সময় তো কনের বাবা বা দাদাদের কাঁধেই সব দায়িত্ব থাকত।' সামনেই বিয়ে হায়দারপাড়ার সায়ন ঘোষের। কলেজ ও চাকরিসূত্রে কলকাতায় থাকতে হয় সায়নকে। তাঁর মতে, 'বাড়ির আশপাশে ও কিছু আত্মীয়দের জন্যই নিয়ম রক্ষার্থে কার্ড বানিয়েছি। বাকি আমার সহকর্মী ও বন্ধুদের ই-কার্ডেই আমন্ত্রণ করেছি। খরচসাপেক্ষ তবে সুবিধাজনক।' অনেকেই আবার কম বাজেটে বিয়ে করে পছন্দের জায়গায় হানিমুনে যাওয়ার পরিকল্পনা করেন। এই পরিকল্পনা রয়েছে রুচিতা সরকার ও অর্ণব সাহার। বিয়ের অনেক পরিকল্পনাতেই তাঁদের পরিবর্তন এসেছে। তার মধ্যে একটি হল কাগজে ছাপা আমন্ত্রণপত্রের পরিবর্তে ই-কার্ড। রুচিতার কথায়, 'বাড়ির নিময় রক্ষা করার জন্য মাত্র ২০টি কার্ড বানিয়েছি আর বাকি সবাইকে ই-কার্ড ও ভিডিও ইনভিটেশনের মাধ্যমেই আমন্ত্রণ জানাচ্ছি।' ই-কার্ডের জনপ্রিয়তায় গ্রাফিক ডিজাইনারদের ভালোই লক্ষ্মীলাভ হচ্ছে। এক গ্রাফিক ডিজাইনার সুরজ দে-র কথায়, 'গত ২ বছরে ই-কার্ডের চাহিদা অনেকটাই বেড়েছে। ইতিমধ্যেই প্রায় ২৫টি ই-কার্ড বানিয়েছি। এখন সবাই নতুন নতুন ই-কার্ড বানাতে পছন্দ করছেন।' তবে শুধু বিয়েতে নয়, মুখেভাত, এনগেজমেন্ট থেকে শুরু করে যে কোনও ক্ষেত্রে আমন্ত্রণের মাধ্যম হিসাবে জায়গা করে নিচ্ছে ই-কার্ড।




> গত ২ বছরে ই-কার্ডের চাহিদা অনেকটাই বেড়েছে। ইতিমধ্যেই প্রায় ২৫টি ই-কার্ড বানিয়েছি। এখন সবাই নতুন নতুন ই-কার্ড বানাতে পছন্দ করছেন।
>
> – সুরজ দে ডিজাইনার

## নারী সুরক্ষায় জোর সম্মেলনে

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** পাহাড়ে মহিলা সংগঠন বাড়াতে গুরুত্ব দিল সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতি। ২০১১ সালের পর সমিতির জেলা কমিটিতে স্থান পেলেন পাহাড়ের বাসিন্দারা। রবিবার মহিলা সমিতির ১৭তম সম্মেলন মিত্র সম্মিলনী হলে আয়োজিত হয়। সেখানে নারী নিরাপত্তা, শহরের উন্নয়নে শিলিগুড়ি পুরনিগমের ব্যর্থতা, নারী সুরক্ষা সহ আরও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। সংগঠনের পতাকা উত্তোলনের পর সম্মেলন শুরু হয়। সম্মেলনে ৫১ জনের যে কমিটি গঠন হয়েছে, সেখানে জায়গা পেয়েছেন কার্সিয়াংয়ের বাসিন্দা রেজিনা চামলিং। ১৯ জনের সম্পাদকমণ্ডলী গঠন করা হয়। সমিতির জেলা সম্পাদক হিসেবে নির্বাচিত হন মণি থাপা ও সভাপতি রত্না চৌবে। এদিনের সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির রাজ্য সম্পাদিকা কনীনিকা ঘোষ বসু।




## বিনামূল্যে ওষুধ

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** রোটারি ক্লাব অফ শিলিগুড়ি মেট্রোপলিটানের উদ্যোগে এবং নব যুবকবৃন্দ ক্লাবের সহযোগিতায় রবিবার থেকে শুরু হল হোমিওপ্যাথি শিবির। প্রতি রবিবার সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত এই শিবির থেকে দুঃস্থদের প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে দেওয়া হবে। ৫ নম্বর ওয়ার্ডের সন্তোষীনগর এলাকায় শিবিরটির আয়োজন করা হবে। শিবিরে উপস্থিত ছিলেন এসজেডিএ চেয়ারম্যান দিলীপ দুগার ও কাউন্সিলার অনীতা মাহাতো, ক্লাব সভাপতি জ্যোতি দে সরকার, ক্লাব সম্পাদক ভীমসেন গোয়েল ও অন্যরা। ভীম বলেন, '৫ নম্বর ওয়ার্ডে নব যুবকবৃন্দ ক্লাব থেকে প্রতি রবিবার দুঃস্থদের ওষুধ প্রদান করা হবে।'

**আজ শহরে**

- শিলিগুড়ি নাট্যমেলা ২০২৫-এ ছোট নাটকের উৎসবে সন্ধ্যা সাড়ে ছটায় দীনবন্ধু মঞ্চে প্রথম নাটক শিলিগুড়ি রঙ্গমালঞ্চ প্রযোজনা 'আমি কিছুতেই উল্লুক হবো না', দ্বিতীয় নাটক শিলিগুড়ি শিল্পীতীর্থ প্রযোজনা 'নটি বিনোদিনী' এবং তৃতীয় নাটক ভারতীয় গণনাট্য সংঘ উত্তরধ্বনি শাখার প্রযোজনা 'আজকে আমার ছুটি'।

# ইসলামপুরে ৩৮ লাখি দুর্গাপুজোয় সঙ্গী শিব

অরুণ ঝা

**ইসলামপুর, ৭ সেপ্টেম্বর :** 'শিব রূপে ধর শিঙা, কালী রূপে ধর অসি' হতে পারে দুর্গাপুজো, বাড়ির মেয়ে তাঁকে দুঃখ দিয়ে চারদিনের জন্য এলেও সৃষ্টির আদিকাল ঘরের জামাইকেই বা কী করে ভুলে থাকে মর্ত্যবাসী? এবারের পুজোয় ইসলামপুরের কমল মেমোরিয়াল ক্লাবের (কেএমসি) নতুন চমক ৬০ ফুট লম্বা ও ৫৮ ফুট চওড়া 'আদিযোগী শিব।' সমুদ্রমন্থন থেকে শুরু করে শিবের মাথায় গঙ্গার প্রবাহ ফুটে উঠবে পুজোমণ্ডপে। ভোগবাদী সংস্কৃতিতে সংকীর্ণ হতে থাকা সমাজে শিবের বৈরাগ্য ভাব ও নারীর প্রতি সম্মানের বার্তা নিয়ে উদ্যোক্তারা এই থিমকে রূপ দিতে বদ্ধপরিকর।

উত্তরবঙ্গের বড় বাজেটের পুজোগুলির মধ্যে অন্যতম কেএমসি'র দুর্গাপুজো। পুজো কমিটি জানিয়েছে, এবছর বিশেষ আকর্ষণ রয়েছে থ্রিডি প্রোজেকশন ম্যাপিং লেজার লাইট শো। এবারে পুজোর বাজেট ৩৮ লক্ষ টাকা। ৫৩ বছরে পা দিতে চলা এই ক্লাব যেমন মণ্ডপসজ্জা, প্রতিমা এবং আলোকসজ্জার মাধ্যমে সাধারণ মানুষের মন জয় করে থাকে। একইভাবে বিভিন্ন সমাজসেবামূলক কাজ ও সামাজিক বার্তা পুজোর থিমে জায়গা করে নেয়। পুজো কমিটির পদাধিকারীরা জানিয়েছেন, এবছরও তাতে কোনও খামতি হবে না।

আদিযোগী শিব, এই থিমেই কেন জোর দেওয়া হল প্রশ্নে উদ্যোক্তাদের যুক্তি, 'শিব' শব্দটির আভিধানিক অর্থ মঙ্গল। মায়ের আগমনে এলাকার সব মঙ্গলময় হয়ে উঠুক এই আশা নিয়েই আমরা থিমটি ভেবেছি। পাড়ার বাসিন্দা রিয়া চাকির অভিজ্ঞতা, পুজোর ক'টা দিন তাঁদের সমস্ত দুঃখ যেন মুছে যায়। বাড়ির বাইরে থাকা আত্মীয়রাও পুজো দেখতে এসে এই পুজোতে অল্প সময়ের জন্য ঘুরে যান।

পুজো কমিটির সম্পাদক দৃপ্ত বিশ্বাসের কথায়, 'শিব আদি পুরুষ। ২০২৫- এ দাঁড়িয়ে এই পিতৃতান্ত্রিক সমাজে নারী নিরাপত্তা আজও প্রশ্নের মুখে। কিন্তু মহাদেবের জীবনে নারীর সম্মানের অধ্যায় অনেক জুড়ে। স্বয়ং মা গঙ্গাকে তিনি মাথায় ধারণ করেছেন। শিবের নারীর প্রতি সম্মান আমাদের নতুন দিশা দেখাবে।'




> শিব আদি পুরুষ। ২০২৫- এ দাঁড়িয়ে এই পিতৃতান্ত্রিক সমাজে নারী নিরাপত্তা আজও প্রশ্নের মুখে। কিন্তু মহাদেবের জীবনে নারীর সম্মানের অধ্যায় অনেক জুড়ে। স্বয়ং মা গঙ্গাকে তিনি মাথায় ধারণ করেছেন। ফলে দেবীপক্ষে আদিযোগী শিবের নারীর প্রতি সম্মান আমাদের নতুন দিশা দেখাবে এই আশা রাখছি।
>
> দৃপ্ত বিশ্বাস সম্পাদক

# ট্রেন্ডের পাল্লায় কাজ কমেছে দর্জিদের

অনিকেত রায়

**শিলিগুড়ি, ৭ সেপ্টেম্বর :** একসময় পুজো আর দর্জির দোকানের সামনে লম্বা লাইন প্রায় সমার্থক ছিল। কাজের এতটাই চাপ থাকত যে, পুজোর মাসখানেক আগে থেকে দর্জিরা জামাকাপড়ের অর্ডার নেওয়া বন্ধ করে দিতেন। সেইসব দিন এখন অতীত। বিশ্বায়নের এই নয়া জমানায় বিভিন্ন শপিং প্ল্যাটফর্মে গিয়ে একটা ক্লিক করলেই জামাকাপড় চলে আসে বাড়ির দরজায়। স্বাভাবিকভাবেই কাজ কমেছে দর্জিদের। শিলিগুড়ির মহাবীরস্থানে নেতাজি মার্কেটে সারিবদ্ধভাবে দর্জিরা বসেন। এই দর্জিদের একজন গৌতম বাড়ুই। আক্ষেপের সুরে গৌতম জানান, অনেক দর্জি কাজ ছেড়ে অন্য পেশায় চলে গিয়েছেন। তিনি বলেন, 'আমাদের কাছে এখন আর সেভাবে জামাকাপড় তৈরির অর্ডার আসে না। যা আসে তা হল জামাকাপড় ফিটিংস করানো আর ছেঁড়া জামাকাপড় সেলাই করার কাজ। এই কাজে আর ক'টা টাকাই বা পাওয়া যায়। কোনওমতে সংসার চলে আর কী।'

পালটে যাওয়া এই সময়ের চাহিদা নিয়ে কথা বলতে গিয়ে দেবাংশু বিশ্বাস নামে এক তরুণ বলেন, 'থানকাপড় দিয়ে কি কার্গো প্যান্ট তৈরি করা সম্ভব? আমাকে তো আমার এক বান্ধবী বলল আমাকে নাকি ওভার সাইজড টি-শার্টের সঙ্গে কার্গো প্যান্টেই সব থেকে সুন্দর মানায়। তাই আমি একটা ওয়েবসাইট থেকে ওভার সাইজড টি-শার্ট আর কার্গো প্যান্ট অর্ডার করলাম।'

শপিং মল আর ই-কমার্সের বাজারে মহিলাদের পোশাক তৈরির কারিগররা বাকি দর্জিদের চেয়ে খানিক স্বস্তিতে আছেন। আলো চৌধুরী মোড়ের একটি দর্জির দোকানে কাজ করেন কবিতা বর্মন এবং টুম্পা রায়। দুজনেই এই পেশায় রয়েছেন প্রায় বছর ১৫। তাঁদের দোকানে কেবলমাত্র মহিলাদের পোশাক তৈরি করা হয়। নতুন নতুন নকশায় সালোয়ার, ব্লাউজ তৈরি করেন তাঁরা। তাঁরা জানালেন, বাজারে টিকে থাকার জন্য সময়ের সঙ্গে সঙ্গে হাল আমলের ফ্যাশন শিখে নিতে হচ্ছে। দ্রুতগতির এই সময়ে প্রতিদিন পালটাচ্ছে ফ্যাশন। যুগের সঙ্গে তাল মিলিয়ে না চললে টিকে থাকা যাবে না বলেও তাঁরা জানান।

বিমল দাস প্রায় ৪২ বছর ধরে এই পেশায় আছেন। তাঁর দোকান শিলিগুড়ির হাতি মোড়ে। তিনি বলেন, 'পুরোনো সময়ের তুলনায় এখন মাত্র ২০ শতাংশ কাজ পাই। দোকানে আসেন মূলত মহিলারা। আর কিছু প্রবীণ।' দর্জি নীলরতন ঘোষ বলেন, 'এক সময় স্কুল ইউনিফর্ম তৈরির প্রচুর কাজ আসত। কিন্তু এখন সরকারি স্কুল থেকে ইউনিফর্ম দেওয়ায় সেই কাজটাও কমে গিয়েছে।'

হতাশার এই অন্ধকারেও খানিক আলোর রেখা কিন্তু ঠিক পাওয়া যায়। বিধান মার্কেটের একটি দর্জির দোকান থেকে বেরিয়ে আসছিলেন কলেজ পড়ুয়া প্রণমিতা ভৌমিক। প্রণমিতা বলেন, 'সালোয়ারের মাপ দিয়ে এলাম। যতই রেডিমেড পোশাক কিনি নিজের পছন্দমতো অর্ডার দিয়ে জামা না বানালে সেই ফিলটাই আসে না।'

পুরোনো দিনের অনেক কিছুই তো আবার নতুন রূপে ফিরে আসে। হয়তো আবার কোনও একদিন দর্জিদের কাছে মাপ দিয়ে বানানো জামা ফের 'ট্রেন্ডিং' হবে। আর দর্জিদের সেলাই মেশিনের শব্দ মিশবে পুজোর সিম্ফনিতে।



**বদল যেখানে**

- পুজোয় জামাকাপড় তৈরির কাজ নেই দর্জিদের
- এখন দর্জির দোকানে পোশাক তৈরি করাতে যান মূলত মহিলারা
- এছাড়া জামাকাপড় ফিটিং করাতে কেউ কেউ যান
- রেডিমেড পোশাক এবং অনলাইন শপিংয়ে ঝোঁক বেড়েছে



